গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
গাজীপুর-১৭০১
www.nata.gov.bd

স্মারক নং-১২.১৫.০০০০.০০১.১১.৩৩০.২০২০.৪৮ তারিখঃ ২৭/০১/২০২১ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এর নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ীভাবে পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হইতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাইতেছে:

| ক্র. নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না |
|---|---|---|---|---|---|
| ১ | প্রিন্টিং মেশিন অপারেটর গ্রেড-১১ | ১ | টা: ১২৫০০-৩০২৩০/- | (ক) কোনো স্বীকৃত গ্রাফিক আর্টস ইনস্টিটিউট হইতে প্রিন্টিং বা প্রিন্টিং টেকনোলজি বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | নরসিংদী, রংপুর এবং গাইবান্ধা।<br>তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন। |
| ২ | হিসাব রক্ষক গ্রেড-১৩ | ১ | টা: ১১০০০-২৬৫৯০/- | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে হিসাব বিজ্ঞান বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ৩ | ফটোগ্রাফার গ্রেড-১৩ | ১ | টা:১১০০০-২৬৫৯০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফি বিষয়ে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদি সার্টিফিকেট কোর্স;<br>(গ) কম্পিউটারে এডোবি ফটোশপসহ সংশ্লিষ্ট সফট্ওয়্যার এর উপর বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ৪ | ড্রাফটসম্যান গ্রেড-১৩ | ১ | টা: ১১০০০-২৬৫৯০/- | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃতি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশিপ বিষয়ে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদি সার্টিফিকেট কোর্স; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ৫ | সিনিয়র মেকানিক গ্রেড-১৩ | ১ | টা: ১১০০০-২৬৫৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃতি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদি মেকানিক্যাল বিষয়ে সার্টিফিকেট কোর্স; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ৬ | অডিও ভিজ্যুয়েল অপারেটর গ্রেড-১৪ | ১ | টা: ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৩৫ এমএম ও ১৬ এমএম প্রজেক্টর, এমপ্লিফায়ার, পিএসেট, জেনারেটর পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি সার্টিফিকেট কোর্স; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ৭ | লাইব্রেরি সহকারী গ্রেড-১৪ | ১ | টা:১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদি সার্টিফিকেট কোর্স; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ৮ | অভ্যর্থনাকারী (গ্রেড-১৪) | ১ | টা: ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ইংরেজি ও বাংলা ভাষায় শুদ্ধ উচ্চারণে সাবলিল ভাষায় কথা বলিতে সক্ষম এবং<br>(গ) টেলিফোন ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |

| ক্র. নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না |
|---|---|---|---|---|---|
| ৯ | সহকারী প্রিন্টিং মেশিন অপারেটর<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অফসেট মেশিন অপারেটিং টেস্ট এ উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | নরসিংদী, রংপুর এবং গাইবান্ধা।<br>তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন। |
| ১০ | কেয়ারটেকার<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ১১ | মেকানিক<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ভোকেশনাল ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদি মেকানিক্যাল বা পাওয়ার বা কৃষি বিষয়ক যন্ত্রাংশ বিষয়ে ট্রেডকোর্স। | ঐ |
| ১২ | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬ | ১৭ | টা: ৯৩০০-২২৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | ঐ |
| ১৩ | গাড়ীচালক<br>গ্রেড-১৬ | ৪ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন। | ঐ |
| ১৪ | গুদাম রক্ষক<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ১৫ | নাজির-কাম-ক্যাশিয়ার<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসা শিক্ষা শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ১৬ | প্লাম্বার<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্লাম্বিং বিষয়ে ট্রেডকোর্স; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ১৭ | প্রধান বাবুর্চি<br>গ্রেড-১৬ | ১ | টা: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) দেশি-বিদেশি খাদ্য প্রস্তুতির কাজে কোনো খ্যাতিমান হোটেল বা ক্যাফেটেরিয়ায় খাদ্য প্রস্তুতিতে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ১৮ | সেচ পাম্প অপারেটর<br>(গ্রেড-১৭) | ১ | টা: ৯০০০-২১৮০০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, |

| ক্র. নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না |
|---|---|---|---|---|---|
| | | | | (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | বগুড়া, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, সিলেট এবং হবিগঞ্জ।<br>তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন। |
| ১৯ | এটেনডেন্ট<br>গ্রেড-১৮ | ৫ | টা: ৮৮০০-২১৩১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ঐ |
| ২০ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ | ২ | টা: ৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |

**শর্ত ও নিয়মাবলী :**

১। **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ**

ক. আবেদন http://nata.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি দাখিল করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ০১/০২/২০২১ খ্রিঃ, সকাল ১০:০০ টা।

ii) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ০১/০৩/২০২১ খ্রিঃ, সন্ধ্যা ০৬:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করিয়া নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু আবেদন প্রেরণ করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনামতে ছবি এবং Signature Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে প্রার্থী ০১টি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত ০১টি Applicant's Copy পাইবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Print অথবা Download করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং এই User ID ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুইটি SMS করিয়া পরীক্ষার ফি গ্রেড-১১ হইতে গ্রেড-১৬ পর্যন্ত পদের জন্য ১০০ টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ টাকাসহ সর্বমোট ১১২ টাকা এবং গ্রেড-১৭ হইতে গ্রেড-২০ পর্যন্ত পদের জন্য ৫০ টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ টাকাসহ সর্বমোট ৫৬ টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হইবে না।**

প্রথম SMS: NATA < Space > User ID লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।
দ্বিতীয় SMS: NATA < Space > Yes < Space > PIN লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://nata.teletalk.com.bd** এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হইবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙ্গিন প্রিন্ট করিয়া নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করিতে পারিবেন।

i) User ID জানা থাকিলে NATA < Space > Help < Space > User < Space > User ID লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।

**Example:** NATA Help User ABCDEF & Send to 16222

ii) PIN Number জানা থাকিলে NATA < Space> Help <Space> PIN <Space> PIN No. লিখে Send করিতে হইবে 16222 নম্বরে। Example: NATA Help PIN 1234567 & Send to 16222

ঝ. অনলাইন আবেদনে উল্লিখিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হইতে SMS এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হইবে।

ঞ. জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এর ওয়েবসাইটেও (www.nata.gov.bd) এই বিজ্ঞপ্তিটি দেখা যাইবে।

ট. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী স্বয়ং করিবে। এক্ষেত্রে কোনো ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার হইতে উক্ত কাজটি সম্পন্ন করিয়া প্রার্থী প্রতারিত হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

Online-এ আবেদন করিতে কোনো সমস্যা হইলে টেলিটক নম্বর হইতে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে।

(Mail এর subject-এ Organization Name: **NATA** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে।)

২। উক্ত পদসমূহের জন্য ০১/০২/২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হইতে ৩০ বছর হইতে হইবে; তবে বীর মুক্তিযোদ্ধা/ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীর জন্য বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৩। প্রার্থীর বয়স কম বা বেশী হইলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৪। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হইতে বরখাস্ত হইয়া থাকেন তবে তিনি আবেদন করিবার জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

৫। প্রার্থী নির্বাচনে সরকার কর্তৃক প্রচলিত সকল প্রকার বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হইবে।

৬। প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেইভাবে আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে অবিকল সেইভাবেই লিখিতে হইবে।

৭। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজ জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হইলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হইবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভুল তথ্য/নকল কাগজপত্র প্রদর্শিত হইলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

গ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর / পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করিতে হইবে।

চ) মুক্তিযোদ্ধা কোটায় চাকুরীতে নিয়োগ প্রাপ্তির প্রমাণক যাচাইয়ের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হইবে।

ছ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

জ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

৮। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হইবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হইবে।

৯। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, সংশোধন, পরিবর্তন এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১১। বিজ্ঞাপিত পদের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই প্রক্রিয়া শেষে লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের তালিকা নাটার ওয়েবসাইটে প্রকাশ করা হইবে এবং যোগ্য প্রার্থীগণই শুধুমাত্র লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হইলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

১২। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির ওয়েবসাইট: www.nata.gov.bd-এ বিভিন্ন পদে নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হইবে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৭/০১/২০২১

ড. মোঃ ছাইদুর রহমান
উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
নাটা, গাজীপুর
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর।